

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, অক্টোবর ৬, ২০২৬

শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
প্রশাসন ও সংস্থাপন শাখা
প্রজ্ঞাপন

তারিখ: ১২ আশ্বিন ১৪৩৩/২৭ সেপ্টেম্বর ২০২৬

নং ৫৭.০০.০০০০.০৪০.১৬.০০২.২৩-৮৯৭—কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের আওতায় সকল জেলায় অবস্থিত সরকারি, এমপিওভুক্ত এবং নন-এমপিও কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষা ব্যবস্থাপনার গুণগত মানোন্নয়নসহ প্রয়োজনীয় সহযোগিতা প্রদান এবং অংশীজনের মধ্যে সমন্বয়ের লক্ষ্যে নিম্নোক্তভাবে "জেলা কারিগরি ও মাদ্রাসা শিক্ষা কমিটি" পুনর্গঠন করা হলো:

ক্র. নং	নাম ও প্রতিষ্ঠান	কমিটিতে পদ
১.	জেলা প্রশাসক	সভাপতি
২.	পুলিশ সুপার	সদস্য
৩.	সিভিল সার্জন	সদস্য
৪.	০১ (এক) জন অতিরিক্ত জেলা প্রশাসক (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত)	সদস্য
৫.	উপজেলা নির্বাহী অফিসার (সকল)	সদস্য
৬.	নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর	সদস্য
৭.	জেলা শিক্ষা অফিসার	সদস্য
৮.	জেলা ক্রীড়া অফিসার	সদস্য
৯.	জেলা চেম্বার অব কমার্সের প্রতিনিধি	সদস্য
১০.	জেলায় অবস্থিত সংশ্লিষ্ট শিল্প কারখানার (যদি থাকে) প্রতিনিধি (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত)	সদস্য

(২৫৯৩৫)

মূল্য : টাকা ৪০০

ক্র. নং	নাম ও প্রতিষ্ঠান	কমিটিতে পদ
১১.	এমপিওভুক্ত কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিনিধি (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত)	সদস্য
১২.	নন-এমপিও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিনিধি (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত)	সদস্য
১৩.	সরকারি/এমপিওভুক্ত মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যক্ষ/সুপার (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত)	সদস্য
১৪.	নন-এমপিও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যক্ষ/সুপার (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত)	সদস্য
১৫-১৭.	০১ (এক) জন নারী প্রতিনিধিসহ স্থানীয় পর্যায়ের ০৩ (তিন) জন গণ্যমান্য ব্যক্তি (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত)	সদস্য
১৮.	সংশ্লিষ্ট জেলার সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট/টেকনিক্যাল স্কুল ও কলেজের অধ্যক্ষ	সদস্য সচিব

কার্যপরিধি:

- কারিগরি ও মাদ্রাসা শিক্ষার প্রতি জনসচেতনতা বৃদ্ধি, প্রচার ও প্রসারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং দিক-নির্দেশনা প্রদান;
- কারিগরি ও মাদ্রাসা শিক্ষায় শিক্ষার্থী ভর্তি এবং ঝরে পড়া রোধে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ;
- কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের একাডেমিক কার্যক্রমের তদারকি, সার্বিক আইন-শৃঙ্খলাসহ শিক্ষার অনুকূল পরিবেশ বজায় রাখার প্রয়োজনীয় দিক-নির্দেশনা ও সহায়তা প্রদান;
- কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের অবকাঠামাসমূহের গুণগতমান নিশ্চিত্তে বিভিন্ন উন্নয়ন প্রকল্প পরিদর্শন ও সহায়তা প্রদান;
- জেলার ইন্ডাস্ট্রি-ইনস্টিটিউট লিংকেজ তৈরি ও উন্নয়নে দিক-নির্দেশনা ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;
- চাহিদা ভিত্তিক ট্রেড/টেকনোলজি নির্ধারণে প্রয়োজনীয় সহায়তা প্রদান;
- শিল্প-কারখানায় শিক্ষার্থীদের বাস্তব প্রশিক্ষণ প্রদানে প্রয়োজনীয় সহায়তা প্রদান।

২। কমিটি ত্রৈমাসিক ভিত্তিতে সভা করবে এবং কার্যবিবরণী সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর ও মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করবে।

৩। কমিটি প্রয়োজনবোধে সদস্য কো-অপ্ট করতে পারবে।

৪। জনস্বার্থে এ প্রজ্ঞাপন জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

হাছিনা আক্তার
যুগ্মসচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, পরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd